গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
রিফর্মস সেল

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির অক্টোবর-২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মো: হাবিবুর রহমান<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি, নৈতিকতা উপকমিটি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ | ১৫/১১/২০২১ খ্রিঃ। |
| সভার সময় | ১১.০০ ঘটিকা |
| স্থান | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'। |

অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির সদস্যবৃন্দদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অত:পর ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আলোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | ওয়েবসাইট হালনাগাদকরণ | প্রত্যেক দপ্তরের সংশ্লিষ্ট ওয়েবসাইটের নির্ধারিত কন্টেন্টে ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাবলি নির্দিষ্ট সময়ের মধ্যে আপলোড নিশ্চিত করবে। এতদ্বিষয়ে অব্যবহিত উর্ধ্বতন কার্যালয় কর্তৃক নিয়মিত মনিটরিং করতে হবে। | বিভাগীয় ডিডি/ অধ্যক্ষ, এডি/ ডিএডি (সকল ) |
| ২. | বিভিন্ন সভা আয়োজন ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন | সকল দপ্তরে নৈতিকতা কমিটির সভাসহ অন্যান্য সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম আলোচনাপূর্বক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | বিভাগীয় ডিডি/ অধ্যক্ষ, এডি/ ডিএডি (সকল ) |
| ৩. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের চাকরি ও সুশাসন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | বিভাগীয় ডিডি ও রিফর্ম সেল (অধিদপ্তর) |
| ৪. | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ | প্রকল্পভুক্ত স্টেশনগুলোর মনিটরিং কার্যক্রম বৃদ্ধিপূর্বক নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নকরণের নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন অগ্রগতির পরিদর্শন প্রতিবেদন প্রতি স্টেশনের জন্য সুপারিশসহ আলাদাভাবে মহাপরিচালক মহোদয়ের নিকট দাখিল করতে হবে। তাছাড়া প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ডিপিপিতে উল্লিখিত সময়ে PSC ও PIC সভা করতে হবে। প্রমানক হিসেবে সংশ্লিষ্ট 'প্রকল্প পরিচালকের' প্রত্যয়ন পত্র এবং PSC, PIC ও মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত প্রদান করতে হবে। | প্রকল্প পরিচালকবৃন্দ ডিডি ও এডি (পরিকল্পনা কোষ) |

| | | | |
|---|---|---|---|
| ৫. | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ১০০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে।নির্ধারিত সময়ের মধ্যে উক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে অর্থবছরের শুরু থেকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালকবৃন্দ, ডিডি ও এডি (পরিকল্পনা কোষ) |
| ৬. | মামলা নিষ্পত্তি | কর্মকর্তা- কর্মচারীগণের বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলাসমূহ যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক দ্রুততার সাথে নিষ্পত্তি করতে হবে। | উপপরিচালক (প্রশাঃ ও অর্থ) |
| ৭. | ক্রয়-পরিকল্পনা অনুযায়ী ক্রয়কার্য সম্পন্নকরণ | ২০২১-২২ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী রাজস্ব ও প্রকল্পের আওতায় ক্রয়কার্য সম্পন্ন করতে হবে। ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়যোগ্য মালামাল অবশ্যই ই-টেন্ডারে ক্রয় সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালকবৃন্দ ও এডি ( ক্রয় ও স্টোর) |
| ৮. | অভ্যন্তরীণ অডিট পরিচালনা | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরসহ মাঠ পর্যায়ের দপ্তরসমূহের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে সকল দপ্তরসমূহে অভ্যন্তরীণ অডিট পরিচালনা করতে হবে। | বিভাগীয় ডিডি/ অধ্যক্ষ, এডি/ ডিএডি (সকল ) |
| ৯. | মাঠ পর্যায়ের দপ্তরসমূহ প্রদত্ত সেবাসমূহের মূল্যায়ন | মাঠ পর্যায়ের দপ্তরসমূহ কর্তৃক প্রদানকৃত অ্যাম্বুলেন্স সার্ভিস, ফায়ার লাইসেন্স, প্রশিক্ষণ, মহড়াসহ অন্যান্য কার্যক্রম মূল্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (ওঃহাঃ ও ফাঃপ্রিঃ) |
| ১০. | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন | অধিদপ্তরসহ সকল দপ্তরের কার্যক্রম সুচারুভাবে পরিচালনার লক্ষ্যে পরিদর্শন ফরম অনুযায়ী বিভিন্ন শাখা ও আওতাধীন কার্যালয় প্রতি ০৩ মাসে উপপরিচালক ও সহকারী পরিচালকগণ অধীনস্ত ন্যূনতম ০১টি শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে। | ডিডি/এডি/ ডিএডি (সকল) |
| ১১. | কর্ম-পরিবেশ উন্নয়ন | কর্ম-পরিবেশ উন্নয়নে সকল কার্যালয়ে বৈশ্বিক মহামারি করোনা পরিস্থিতি মোকাবেলার জন্য স্বাস্থ্যবিধি অনুসরণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ও টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক বিনষ্টকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ডিডি/এডি/ ডিএডি (সকল) |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ অধীনস্ত সকলের অবগতি ও সুচারুভাবে বাস্তবায়ন করে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিভিন্ন কার্যক্রমসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মো: হাবিবুর রহমান
পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি,
নৈতিকতা উপকমিটি ফায়ার সার্ভিস ও সিভিল
ডিফেন্স অধিদপ্তর, ঢাকা

স্মারক নম্বর: ৫৮.০৩.০০০০.০২০.১৫.১৬৫.১৭.৩৬৫ তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৮

১৬ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, [মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২) পরিচালক (অপারেশন ও মেইনটেনেন্স)/ (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ)/ (প্রকল্প-২৫, সংশোধিত-৪৬)/ (প্রকল্প-১৫৬)/ (সেফার প্রকল্প)/ (ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্প)/ (১১টি মডার্ন প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৩) উপপরিচালক (অপারেশন ও মেইনটেনেন্স)/ (উন্নয়ন)/ (পরিকল্পনা কোষ)/ (অ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৪) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর বিভাগ।

৫) অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।

৬) সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (ওয়্যরহাউজ ও ফায়ার প্রিভেনশন)/ (ক্রয় ও ষ্টোর)/ (অপারেশন)/ (উন্নয়ন)/ (প্রশিক্ষণ)/ (পরিকল্পনা কোষ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৭) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।

৮) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.................................................................(সকল)।

৯) সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১০) সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

১১) উপসহকারী পরিচালক (রিফর্ম সেল), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১২) উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.............................................................(সকল)।

১৩) ভারপ্রাপ্ত কর্মকর্তা, মিডিয়া সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১৪) ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের জন্য)।

১৬) সহকারী যোগাযোগ প্রকৌশলী , কেন্দ্রীয় বেতার শাখা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১৭) ভারপ্রাপ্ত কর্মকর্তা (লিগ্যাল এন্ড এস্টেট সেল), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সেফটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

মোঃ ওহিদুল ইসলাম

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)